# অপপ্রচার চালিয়ে সরকারের কাজে বাধা দেওয়ার অভিযোগ রিজভীর




রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

সরকারের কার্যক্রম নিয়ে নানা ধরনের অপপ্রচার চালিয়ে একটি পক্ষ বাধা তৈরির চেষ্টা করছে বলে অভিযোগ করেছেন প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী।

শনিবার (৮ আগস্ট) সকালে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে ‘প্রধানমন্ত্রী তারেক রহমানের ৫ মাসের উন্নয়ন যাত্রা’ শীর্ষক গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় তিনি এ অভিযোগ করেন।

রিজভী বলেন, সরকারের কাজে কোনো ধরনের গাফিলতি ধরা পড়লে প্রধানমন্ত্রী তা কঠোরভাবে মোকাবিলা করছেন। একই সঙ্গে জনগণের কাছে দেওয়া প্রতিশ্রুতিগুলো বাস্তবায়নের চেষ্টাও সরকার করে যাচ্ছে।

তিনি বলেন, প্রধানমন্ত্রী তারেক রহমানের বিভিন্ন কাজ ও উদ্যোগ যখন দলিল হিসেবে জনগণের সামনে তুলে ধরা হবে, তখন এসব ষড়যন্ত্র ও অপপ্রচার বন্ধ হয়ে যাবে।

সরকারের ইতিবাচক কর্মকাণ্ডগুলো আরও বেশি করে মানুষের সামনে তুলে ধরার জন্যও সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান তিনি।

LENS ASIA